# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 JANUARY 2025** **7:45—7:55**

---

১) মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার বরাক উপত্যকার তিনটি বিধানসভা কেন্দ্রে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ ।

২) শিল্পী জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর মামলায় বিশেষ আইনজীবির দল নিযুক্তির প্রস্তাবে রাজ্যপালের অনুমোদন ।

৩) বরাক উপত্যকার তিন জেলায় আগামীকাল মকর সংক্রান্তি বা পৌষ সংক্রান্তি পালনের প্রস্তুতি অব্যাহত । আজ ভোগালী বিহুর উরুকা ও মেড়ামেড়ি । স্থানে স্থানে রাতে সম্মিলিত ভোজের ব্যাপক প্রস্তুতি ।

এবং

৪) প্রথমবারের মতো ফিফা বিশ্বকাপ ফুটবল ট্রফি গৌহাটীতে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা একদিনের কাছাড় ও শ্রীভূমি সফরে এসে আজ প্রথমে তিনি শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে আয়োজিত মহিলা উদ্যমিতা অভিযানের অনুষ্ঠানে অংশ গ্রহণ করে উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের ১৪ হাজার ১৩৫ জন মহিলা হিতাধিকারীদের মধ্যে ১০ হাজার টাকা করে চেক বিতরণ করেন । চেক বিতরণ করে ভাষন প্রসংগে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন এই প্রকল্পটি দেশের অন্যতম বৃহৎ মহিলা কল্যানমুলক কার্যসূচী , যার মাধ্যমে রাজ্যের কৃষি , পশুপালন , হস্ততাঁত, হস্তশিল্প ইত্যাদি ক্ষেত্রে মহিলা উদ্যোগের বিকাশ সাধন সহ মহিলাদের সবলীকরণ ও

গ্রামকেন্দ্রিক জীবিকার বিকল্প সম্ভাবনাকে উৎসাহিত করবে । তিনি বলেন ৭৮ টি কেন্দ্রে মহিলা উদ্যমিতা প্রকল্পের চেক বন্টন করা হয়েছে  এবং আসামে ৩২ লক্ষ মহিলাকে মহিলা উদ্যমিতা প্রকল্পের আওতায় নিয়ে হয়েছে । মুখ্যমন্ত্রী জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠের উন্নয়নের জন্য ১০ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষনা করেন । চেক বিতরণ কার্যসূচী সম্পন্ন হোয়ার পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সংগে মিলিত হয়ে সকলকে মকর সংক্রান্তি ও বিহুর শুভেচ্ছা জানান । সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবার সময় মুখ্যমন্ত্রী বলেন আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বরাক উপত্যকা থেকে বিজেপি প্রার্থী তালিকার চিত্র ১৫ ই ফেব্রুয়ারীর পর স্পষ্ট হবে ।

--------------------------------------------------------------------------------

এরপর মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কাছাড় জেলায় এসে কাটিগড়া ও বরখলা বিধানসভা কেন্দ্রে মহিলা উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ করেন । কাটিগড়ায় রাজপুর খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী  ১৮ হাজার ৫৭৮ জন মহিলা হিতাধিকারীর মধ্যে ১০ হাজার টাকা করে চেক বিতরণ করেন । পরে বরখলায় শিলকুরি খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ১৯ হাজার ৭৫৬ জন মহিলা হিতাধিকারীর মধ্যে চেক বিতরণ করেন । অনুষ্ঠানে ভাষন প্রসংগে ড: শর্মা  মহিলা হিতাধিকারীকে এই আর্থিক সাহায্যে নিজেদেরকে স্বাবলম্বী করে তোলার পরামর্শ প্রদান করেন । পরে সাংবাদিকদের কাছে মুখ্যমন্ত্রী বলেন বরাক উপত্যকার ১০ টি বিধানসভা কেন্দ্রে এই কার্যসূচীর অধীনে চেক বিতরণ সম্পন্ন হয়েছে ।

এদিকে আজ সকালে শিলচরে এসে মুখ্যমন্ত্রী প্রয়াত প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থের বাসগৃহে গিয়ে প্রয়াতের পুত্র রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ ও পরিবারের সংগে সাক্ষাৎ করেন । তিনি প্রয়াত মন্ত্রীর প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে শোক সন্তপ্ত্য পরিবারবর্গের প্রতি সমবেদনা জানান । সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় ড: শর্মা বলেন যে আসামে বিজেপির স্থপতি কবীন্দ্র পুরকায়স্থের মৃত্যুতে ভারতীয় জনতা পার্টির সকল নেতা , মন্ত্রী , কর্মীরা শোকাস্তব্ধ ।

--------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য জুবিন গার্গের মৃত্যুর মামলায় রাজ্যসরকার বিশেষ আইনজীবির দল নিযুক্তি প্রস্তাবে অনুমোদন জানিয়েছেন । কেবিনেটের অনুমোদনমর্মে রাজ্যপাল ৫ জন আইনজীবিকে আজ এই দায়িত্ব অর্পণ করেন । জনপ্রিয় শিল্পীর রহস্যজনক মৃত্যুর মামলায় লড়ার জন্য জিয়াউল কামারকে সরকারী আইনজীবি হিসেবে নিযুক্তিতে অনুমোদন দেওয়া হয়েছে । একইভাবে তাঁকে সহায়তা করার জন্য অতিরিক্ত সরকারী আইনজীবি হিসেবে ব্রজেন্দ্র মোহন চৌধুরী , সহকারী বিশেষ

আইনজীবি হিসেবে কিশোর দত্ত , প্রাঞ্জল দত্ত ও বিকাশ জামারের নিযুক্তিতে অনুমোদন দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট ঠিকাভিত্তিক টেট শিক্ষকের মহার্ঘ্য ভাতার বকেয়া প্রদান করতে নির্দেশ দিয়েছে । সারা আসাম টেট উত্তীর্ণ সমাজের দাখিল করা একটি মামলার শুনানীর শেষে বিচারপতি রবীন ফুকনের আদালত ২০১৯ সালের জুলাই থেকে ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত ৫ শতাংশ মহার্ঘ্য ভাতার বকেয়া এবং ২০২১ সালের জুলাই থেকে ২০২২ সালের আগস্ট পর্যন্ত যথাক্রমে ১১ ও তিন শতাংশ মহার্ঘ্য ভাতার বকেয়া প্রদান করার নির্দেশ দিয়েছে । উল্লেখ্য রাজ্যসরকার শিক্ষকদের জন্য ২০১৯ সালের জুলাই থেকে কার্যকর হওয়া ৫ শতাংশ তথা ২০২১ সালের পয়লা জুলাই থেকে ১১ শতাংশ ও তিন শতাংশ সহ ২০২২ সালের পয়লা জানুয়ারী থেকে কার্যকর হওয়া তিন শতাংশ মহার্ঘ্য ভাতা প্রদান করেছিলো । এই ভাতা তথা বকেয়া নিয়মিত শিক্ষকরা লাভ করলেও ঠিকাভিত্তিক শিক্ষকদের এর থেকে বঞ্চিত করা হয়েছিলো । এর পরিপ্রেক্ষিতে সারা আসাম টেট উত্তীর্ণ সমাজ আদালতের দ্বারস্থ হয়েছিলো ।

---------------------------------------------------------------------------------

আজ বাংলা ক্যালেন্ডারে পৌষ মাসের শেষ দিন । আগামীকাল বরাক উপত্যকার তিন জেলায় মকর সংক্রান্তি বা পৌষ সংক্রান্তি পালন উপলক্ষ্যে আজ উপত্যকার হাটে বাজারে দোকানদারদের তিলের নাড়ু , মুড়ি চিড়া ও খৈয়ের নাড়ু সহ ,গুড় ,চালের গুড়ো ইত্যাদি নানা ধরণের খাদ্যসামগ্রীর পসরা সাজিয়ে বসতে দেখা গেছে । সেইসঙ্গে ক্রেতাদের উপচে পড়া ভীড়ও পরিলক্ষিত হয়েছে । বরাক উপত্যকার ঘরে ঘরে আজ রাতে পিঠে পুলি তৈরী করার প্রস্তুতি চলছে । এদিকে আজ মাঘ বিহু বা ভোগালী বিহুর উরুকা । পরম্পরা অনুসারে অসমীয়ারা আজ ভেলাঘর তৈরী করে বনভোজনের আয়োজন করে থাকেন । বরাক উপত্যকায়ও আজ মেরামরির ঘর তৈরী করে বনভোজনের আয়োজন করা হয়েছে । আগামীকাল সকালে স্নান করে খড় দিয়ে তৈরী এই ঘরটি পোড়ানো হবে এবং এরপর পিঠে পুলি খাওয়ার প্রথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------

ভোগালী বিহু উপলক্ষ্যে রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য্য রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । একবার্তায় রাজ্যপাল ভোগালী বিহুকে আসামের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের অমূল্য সম্পদ বলে উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী ড.হিমন্ত শর্মাও ভোগের উৎসব উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন । মূখ্যমন্ত্রী এই উৎসব কৃষকের সমৃদ্ধি ও জাতীয় ঐক্যের প্রতীক স্বরূপ বলে মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায়ও মকর সংক্রান্তি উপলক্ষ্যে জনসাধারনের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । মকর সংক্রান্তি এবং মাঘ বিহু উপলক্ষ্যে বাজারে খাদ্য সামগ্রীর পসরা সাজিয়ে রাখা হয়েছে । আজ সকাল থেকে শ্রীভূমি জেলার বদরপুর , নিলামবাজার , পাথারকান্দি সহ সবকটি বাজারে ক্রেতাদের ভীড় পরিলক্ষিত হচ্ছে । জেলায় এই উৎসব মূখর পরিবেশের সৃষ্টি হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগে হাফলং-এর লাল ফিল্ডে আজ থেকে অসমী ভোগালী মেলা-২০২৬ শুরু হয়েছে । তিন দিনের এই মেলায় আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যদের তৈরী সামগ্রী প্রদর্শনী ও বিক্রীর জন্য রাখা হয়েছে । পাশাপাশি পরম্পরাগত সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

পালংঘাট ডুগরুবস্তীর শিবর্দূগা ক্লাবের পক্ষ থেকে আজ হাইলাকান্দি জেলা কারাগারে ৭০টি কম্বল প্রদান করা হয়েছে । কম্বল প্রদান অনুষ্ঠানে জেলা কারা অধীক্ষক সন্তোষ গোস্বামী , লালান প্রসাদ গোয়ালা , বাবুল নারায়ন কানু প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

শিলচর শিবসুন্দরী নারী শিক্ষাশ্রমের ৯৬তম প্রতিষ্ঠা দিবস গত রবিবার বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে পালন করা হয়েছে । নারী শিক্ষাশ্রম পরিচালন সমিতির সভাপতি অংশু কুমার রায় সকালে পতাকা উত্তোলন করে প্রতিষ্ঠা দিবসের সূচনা করেন । সন্ধ্যায় প্রতিষ্ঠানের নার্সিং স্কুলের এ এন এম প্রথম বর্ষের ছাত্রীদের কেপিং শিরোমণি কার্যসূচী অনুষ্ঠিত হয় । পরে প্রতিষ্ঠানের সম্পাদক ডক্টর রাজদীপ রায় নার্সিং ছাত্রীদের দায়িত্ববোধ , কর্তব্যপরায়ন সহ সেবার মানসিকতার ওপর আলোকপাত করে  বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------------

২০২৬  সালের ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতার ট্রফি আজ প্রথমবারের মতো গৌহাটীতে আনা হয়েছে । রাজ্য সরকারের ক্রীড়া বিভাগের উদ্যোগে সাংস্কৃতিক কার্যসূচীর মাধ্যমে ফুটবল বিশ্বকাপ ট্রফিকে স্বাগত জানানো হয় । সকালে  বিমানবন্দর থেকে ট্রফিটি সরুসাজাই ষ্টেডিয়ামে ও বিকেলে বর্ষাপারার এ সি এ ষ্টেডিয়ামে নিয়ে আসা হয় । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আজ  ৮ টা ১০ মিনিটে এই ট্রফিটি উন্মোচনের কথা রয়েছে । এই কার্যসূচীতে প্রাক্তন প্রাক্তন বিশ্বকাপ বিজয়ী তথা ফিফার প্রতিনিধি গিলবার্টো আপারেসিড দ্য সিলভা উপস্থিত থাকবেন ।

---